২১৬. **মহাসত্ত্বা → যিনি মহান সত্ত্বগুণের অধিকারিণী**

She who possesses great sattva

মহা (Mahā) = মহান / **সত্ত্বা (Sattvā)** = সত্ত্বগুণ বা অস্তিত্ব

২১৭. **মহাশক্তিঃ → যিনি মহান শক্তির অধিকারিণী**

She who has great power

২১৮. **মহারতিঃ → যিনি অপরিসীম আনন্দ বা উল্লাসস্বরূপিণী**

She who is boundless delight

মহা (Mahā) = অপরিসীম / **রতিঃ (Ratiḥ)** = আনন্দ বা উল্লাস

২১৯. **মহাভোগা → যিনি অপরিমেয় সম্পদের অধিকারিণী বা ভোক্তা**

She who has immense wealth

২২০. **মহৈশ্বর্যা → যাঁর সার্বভৌমত্ব বা ঐশ্বর্য চরম**

She who has supreme sovereignty

মহা (Mahā) = মহান / **ঐশ্বর্যা (Aiśvaryā)** = সার্বভৌমত্ব বা ঐশ্বর্য

২২১. **মহাবীর্যা → যিনি বীরত্ব বা শৌর্যে সর্বশ্রেষ্ঠ**

She who is supreme in valor

২২২. **মহাবলা → যিনি শক্তিতে সর্বশ্রেষ্ঠ**

She who is supreme in might

২২৩. **মহাবুদ্ধিঃ → যিনি বুদ্ধিমত্তায় সর্বশ্রেষ্ঠ**

She who is supreme in intelligence

২২৪. **মহাসিদ্ধিঃ → যিনি সর্বোচ্চ সাফল্যের অধিকারিণী**

She who is endowed with the highest attainments (অর্জনসমূহ)

২২৫. **মহায়োগেশ্বরেশ্বরী → যিনি সর্বশ্রেষ্ঠ যোগীদেরও আরাধ্যা ঈশ্বরী**

She who is the object of worship even by the greatest of yogis

মহা (Mahā) = মহান / **যোগেশ্বর (Yogeśvara)** = শ্রেষ্ঠ যোগী / **ঈশ্বরী (Īśvarī)** = ঈশ্বরী বা আরাধ্যা

২২৬. **মহাতন্ত্রা → যাঁকে মহান তন্ত্রগুলোর দ্বারা আরাধনা করা হয়**

She who is worshipped by the great Tantras such as kularnava

২২৭. **মহামন্ত্রা → যিনি স্বয়ং সর্বশ্রেষ্ঠ মন্ত্র**

She who is the greatest mantra

২২৮. **মহায়ন্ত্রা → যিনি মহান যন্ত্রের স্বরূপ**

She who is in the form of the great yantras

২২৯. **মহাসনা → যিনি মহান আসনে উপবিষ্টা**

She who is seated on great seats

মহা (Mahā) = মহান / **আসনা (Āsanā)** = আসন

২৩০. **মহায়াগক্রমারাধ্যা → যাঁকে মহাযজ্ঞের আচার দ্বারা আরাধনা করা হয়**

She who is worshipped by the ritual of mahayaga

মহা (Mahā) = মহান / **যাগক্রম (Yāgakrama)** = যজ্ঞের আচার / **আরাধ্যা (Ārādhyā)** = আরাধ্যা বা পূজিতা

২৩১. **মহাভৈরবপূজিতা → যাঁকে স্বয়ং মহাভৈরব (শিব) পূজা করেন**

She who is worshipped even by mahAbhairava (shiva)

২৩২. **মহেশ্বরমহাকল্পমহাতাণ্ডবসাক্ষিণী → যিনি প্রলয়কালে মহেশ্বরের তাণ্ডব নৃত্যের সাক্ষী**

She who is the witness of the great dance of maheshvara (shiva) at the end of the great cycle of creation

২৩৩. **মহাকামেশমহিষী → যিনি মহাকামেশ্বরের (শিবের) মহান সম্রাজ্ঞী**

She who is the great queen of mahakameshvara (shiva)

মহাকামেশ (Mahākāmeśa) = মহাকামেশ্বর শিব / **মহিষী (Mahiṣī)** = সম্রাজ্ঞী বা পত্নী

২৩৪. **মহাত্রিপুরসুন্দরী → যিনি মহান দেবী ত্রিপুরসুন্দরী**

She who is the great tripurasundari

২৩৫. **চতুষ্ষষ্ট্যুপচারাঢ্যা → যাঁকে চৌষট্টি প্রকার উপচার দ্বারা আরাধনা করা হয়**

She who is adored in sixty-four ceremonies

চতুষ্ষষ্ট্য (Catuṣṣaṣṭya) = চৌষট্টি (৬৪) / **উপচার (Upacāra)** = আচার বা পূজার উপকরণ / **আঢ্যা (Āḍhyā)** = পূজিতা বা সম্পন্না

২৩৬. **চতুষ্ষষ্টিকলাময়ী → যিনি চৌষট্টি প্রকার চারুকলার স্বরূপ**

She who embodies the sixty-four fine arts

২৩৭. **মহাচতুষ্ষষ্টিকোটিয়োগিনীগণসেবিতা → যিনি ৬৪ কোটি যোগিনীর দল দ্বারা সেবিতা হন**

She who is attended (served) by sixty-four crores of bands of yoginis

২৩৮. **মনুবিদ্যা → যিনি মনুবিদ্যার স্বরূপ**

She who is the embodiment of manuvidya

মনু (Manu) = মনু বা মন্ত্র / **বিদ্যা (Vidyā)** = জ্ঞান বা বিদ্যা

২৩৯. **চন্দ্রবিদ্যা → যিনি চন্দ্রবিদ্যার স্বরূপ**

She who is the embodiment of chandravidya

চন্দ্র (Candra) = চন্দ্র / **বিদ্যা (Vidyā)** = জ্ঞান বা বিদ্যা

২৪০. **চন্দ্রমণ্ডলমধ্যগা → যিনি চন্দ্রের পরিমণ্ডলের কেন্দ্রে অবস্থান করেন**

She who resides in the center of chandramandala, the moon's disc

২৪১. **চারুরূপা → যাঁর রূপ অপরিবর্তনীয় এবং অত্যন্ত সুন্দর**

She who has a beauty that does not wane (ক্ষয় পাওয়া)

চারু (Cāru) = অত্যন্ত সুন্দর / **রূপা (Rūpā)** = রূপের অধিকারিণী

২৪২. **চারুহাসা → যাঁর হাসি অত্যন্ত মোহনীয় বা সুন্দর**

She who has a beautiful smile

২৪৩. **চারুচন্দ্রকলাধরা → যিনি সুন্দর ও অপরিবর্তনীয় চন্দ্রকলা ধারণ করেন**

She who wears of beautiful crescent moon that does not wane

চারু (Cāru) = সুন্দর / **চন্দ্রকলা (Candrakalā)** = চাঁদের কলা / **ধরা (Dharā)** = ধারণকারিণী

২৪৪. **চরাচরজগন্নাথা → যিনি সমস্ত সজীব ও নির্জীব জগতের অধিশ্বরী**

She who is the ruler of the animate and inanimate (প্রাণহীন) worlds

২৪৫. **চক্ররাজনিকেতনা → যাঁর বাসস্থান হলো শ্রীচক্র**

She who abides in the shri chakra

চক্ররাজ (Cakrarāja) = শ্রীচক্র (চক্রের রাজা) / **নিকেতনা (Niketanā)** = আবাসস্থল

২৪৬. **পার্বতী → যিনি পর্বতের (হিমালয়ের) কন্যা**

She who is the daughter of the Mountain (Mount Himavat or Himalaya)

২৪৭. **পদ্মনয়না → যাঁর চোখ পদ্মফুলের পাপড়ির মতো সুন্দর**

She who has eyes that are long and beautiful like the petals of the lotus flower

২৪৮. **পদ্মরাগসমপ্রভা → যাঁর লাল আভা পদ্মরাগ মণির মতো উজ্জ্বল**

She who has a resplendent (দীপ্তিমান) red complexion like the ruby

পদ্মরাগ (Padmarāga) = পদ্মরাগ মণি / **সম (Sama)** = সমান বা মতো / **প্রভা (Prabhā)** = আভা বা দীপ্তি

২৪৯. **পঞ্চপ্রেতাসনাসীনা → যিনি পাঁচটি শবদেহ দ্বারা গঠিত আসনে উপবিষ্টা**

She who sits on the seat formed by the five corpses

পঞ্চপ্রেত (Pañcapreta) = পাঁচটি শবদেহ (ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, ঈশ্বর, সদাশিব) / **আসন (Āsana)** = বসার স্থান / **আসীনা (Āsīnā)** = উপবিষ্টা

২৫০. **পঞ্চব্রহ্মস্বরূপিণী → যাঁর রূপ পাঁচটি ব্রহ্মার সমন্বয়ে গঠিত**

She whose form is composed of the five brahmas

২৫১. **চিন্ময়ী → যিনি স্বয়ং বিশুদ্ধ চেতনা**

She who is consciousness itself

২৫২. **পরমানন্দা → যিনি পরম আনন্দস্বরূপিণী**

She who is supreme bliss

২৫৩. **বিজ্ঞানঘনরূপিণী → যিনি সর্বব্যাপী ঘনীভূত চৈতন্য বা বিশুদ্ধ জ্ঞানের রূপ।**

She who is the embodiment of all-pervading solid intelligence

বিজ্ঞান (Vijñāna) = প্রজ্ঞা বা জ্ঞান / **ঘন (Ghana)** = ঘনীভূত / **রূপিণী (Rūpiṇī)** = স্বরূপিণী

২৫৪. **ধ্যানধ্যাতৃধ্যেয়রূপা → যিনি একইসাথে ধ্যান, ধ্যানকারী এবং ধ্যানের বিষয়**

She who shines as meditation, meditator and the object of meditation

ধ্যান (Dhyāna) = ধ্যান / **ধ্যাতৃ (Dhyātṛ)** = ধ্যানকারী / **ধ্যেয় (Dhyeya)** = ধ্যানের বিষয় / **রূপা (Rūpā)** = স্বরূপ

২৫৫. **ধর্মাধর্মবিবর্জিতা → যিনি পুণ্য এবং পাপ উভয়েরই ঊর্ধ্বে**

She who is devoid (বর্জিত, শূন্য,হীন) of both virtue (গুণ) and vice (কলঙ্ক)

ধর্ম (Dharma) = পুণ্য বা সদ্গুণ / **অধর্ম (Adharma)** = পাপ বা দোষ / **বিবর্জিতা (Vivarjitā)** = ঊর্ধ্বে বা মুক্ত

২৫৬. **বিশ্বরুপা → সমগ্র মহাবিশ্বই যাঁর রূপ**

She who has the whole universe as Her form

২৫৭. **জাগরিণী → যিনি জাগ্রত অবস্থায় আছেন বা জাগ্রত জীবের স্বরূপ**

She who is in the waking state, or She who assumes the form of the jiva who is in the waking state

২৫৮. **স্বপন্তী → যিনি স্বপ্নাবস্থায় আছেন বা স্বপ্ন দেখা জীবের স্বরূপ**

She who is in the dream state or She who assumes the form of the jiva in the dream state

স্বপন্তী (Svapantī) = স্বপ্নাবস্থা বা ঘুমন্ত

২৫৯. **তৈজসাত্মিকা → যিনি তৈজস (স্বপ্নাবস্থায় থাকা জীবের সূক্ষ্ম শরীর)-এর আত্মা**

She who is the soul of taijasa (jiva in the dream state, proud of its subtle body)

তৈজস (Taijasa): মানুষ বা জীবের চেতনার চারটি প্রধান স্তর বা অবস্থা থাকে। তার মধ্যে দ্বিতীয় অবস্থাটি হলো **'স্বপ্নাবস্থা' (Dream State)**। এই অবস্থায় স্থূল শরীর নিষ্ক্রিয় থাকলেও মন সক্রিয় থাকে। মন পূর্বের সংস্কার বা স্মৃতির ওপর ভিত্তি করে সূক্ষ্ম জগতের সৃষ্টি করে। এই স্বপ্নাবস্থার অভিমানী বা প্রকাশমান জীবকে বলা হয় 'তৈজস' (কারণ এটি তেজ বা মনঃপ্রকাশে লীন)।

২৬০. **সুপ্তা → যিনি গভীর নিদ্রাবস্থায় আছেন**

She who is in the deep-sleep state or assumes the form of the jiva experiencing deep sleep

২৬১. **প্রাজ্ঞাত্মিকা → যিনি প্রাজ্ঞ (গভীর নিদ্রা)-এর থেকে অভিন্ন**

She who is not separate from praj~na (deep sleep)

প্রাজ্ঞ (Prājña) = গভীর নিদ্রাবস্থার চেতনা / **আত্মিকা (Ātmikā)** = আত্মা বা স্বরূপ

২৬২. **তুর্যা → যিনি 'তূর্য' নামক চতুর্থ অবস্থায় (সর্বোচ্চ উপলব্ধি) বিরাজমান**

She who is in the state of turya (fourth state in which the ultimate realization of Atman is obtained)

২৬৩. **সর্বাবস্থাবিবর্জিতা → যিনি সমস্ত অবস্থার (জাগ্রত, স্বপ্ন, সুষুপ্তি) ঊর্ধ্বে**

She who transcends (অতিক্রম করে) all states

২৬৪. **সৃষ্টিকর্ত্রী → যিনি সৃষ্টিকারিণী**

She who is the creator

২৬৫. **ব্রহ্মরূপা → যিনি ব্রহ্মার রূপ ধারণ করেন**

She who is in the form of brahma

২৬৬. **গোপ্ত্রী → যিনি জগৎ রক্ষা করেন**

She who protects

২৬৭. **গোবিন্দরূপিণী → যিনি মহাবিশ্ব সংরক্ষণের জন্য গোবিন্দ (বিষ্ণু) রূপ ধারণ করেছেন**

She who has assumed the form of govinda (vihnu) for the preservation of the universe

২৬৮. **সংহারিণী → যিনি মহাবিশ্বের ধ্বংসকারিণী**

She who is the destroyer of the universe

২৬৯. **রুদ্ররূপা → যিনি মহাবিশ্ব বিলয়ের জন্য রুদ্র (শিব) রূপ ধারণ করেছেন**

She who is has assumed the form of rudra (shiva) for the dissolution of the universe

২৭০. **তিরোধানকরী → যিনি সমস্ত কিছু গোপন বা অন্তর্হিত করেন**

She who causes the disappearance of all things

তিরোধান (Tirodhāna) = অন্তর্হিত বা গোপন করা / **করী (Karī)** = কারিণী

২৭১. **ঈশ্বরী → যিনি সমস্ত কিছু শাসন এবং রক্ষা করেন**

She who protects and rules everything

২৭২. **সদাশিবা → যিনি সদাশিব বা সর্বদা মঙ্গলময়ী**

She who is sadashiva, one who always bestows auspiciousness

২৭৩. **অনুগ্রহদা → যিনি কৃপা বা আশীর্বাদ প্রদান করেন**

She who confers blessing

২৭৪. **পঞ্চকৃত্যপরায়ণা → যিনি পাঁচটি মহাজাগতিক কাজে (সৃষ্টি, স্থিতি, লয়, তিরোধান, অনুগ্রহ) নিবেদিত**

She who is devoted to the five functions (of creation, preservation, destruction, annihilation (বিনাশ) and reappearance)

পঞ্চকৃত্য (Pañcakṛtya) = পাঁচটি কাজ / **পরায়ণা (Parāyaṇā)** = নিবেদিত

২৭৫. **ভানুমণ্ডলমধ্যস্থা → যিনি সূর্যমণ্ডলের কেন্দ্রে অবস্থান করেন**

She who abides at the center of the sun's disc

২৭৬. **ভৈরবী → যিনি ভৈরবের (শিবের) পত্নী**

She who is the wife of bhairava (shiva)

২৭৭. **ভগমালিনী → ভগমালিনী হলেন তিনি, যিনি এই ছয়টি পরম ঐশ্বর্য বা দিব্য গুণকে মালার মতো নিজের অঙ্গে ধারণ করে আছেন। এই কারণেই দেবীকে 'ভগবতী' বলা হয়।**

She who wears a garland made of the six excellences (of auspiciousness, supremacy, fame, valor, detachment and knowledge)

সংস্কৃত শাস্ত্রে **'ভগ'** শব্দের অর্থ হলো ঐশ্বর্য বা মহিমা। মোট ছয়টি প্রধান ঐশ্বর্যকে 'ভগ' বলা হয়:

বীর্য (বীরত্ব বা শক্তি) **যশ** (কীর্তি বা খ্যাতি) **শ্রী** (সৌন্দর্য ও সমৃদ্ধি) **জ্ঞান** (সর্বজ্ঞতা) **বৈরাগ্য** (আসক্তিহীনতা)

'মালিনী' মানে যিনি মালার মতো ধারণ করেন।

২৭৮. **পদ্মাসনা → যিনি পদ্মফুলের ওপর উপবিষ্টা**

She who is seated in the lotus flower

২৭৯. **ভগবতী → যিনি তাঁর আরাধনাকারীদের রক্ষা করেন**

She who protects those who worship Her

ভগবতী (Bhagavatī) = পরমেশ্বরী বা রক্ষাকারিণী

২৮০. **পদ্মনাভসহোদরী → যিনি পদ্মনাভ বিষ্ণুর বোন**

She who is vishnu's sister

পদ্মনাভ (Padmanābha) = বিষ্ণু / **সহোদরী (Sahodarī)** = বোন

২৮১. **উন্মেষনিমিষোৎপন্নবিপন্নভুবনাবলী → যাঁর চোখের একটিমাত্র পলক ফেলার (খোলা ও বন্ধ করার) মাধ্যমে কোটি কোটি ব্রহ্মাণ্ডের সৃষ্টি এবং ধ্বংস হয়**

She who causes a series of worlds to arise and disappear with the opening and closing of Her eyes

উন্মেষ (Unmeṣa) = চোখ খোলা / **নিমিষ (Nimiṣa)** = চোখ বন্ধ করা / **উত্পন্ন (Utpanna)** = সৃষ্টি / **বিপন্ন (Vipanna)** = ধ্বংস / **ভুবনাবলী (Bhuvanāvalī)** = জগৎসমূহ

২৮২. **সহস্রশীর্ষবদনা →যাঁর হাজারটি মাথা ও মুখমণ্ডল রয়েছে**

She who has a thousand heads and faces

সহস্র (Sahasra) = হাজার / **শীর্ষ (Śīrṣa)** = মাথা / **বদনা (Vadanā)** = মুখমণ্ডল

২৮৩. **সহস্রাক্ষী → যাঁর হাজারটি চোখ রয়েছে**

She who has a thousand eyes

২৮৪. **সহস্রপাৎ → যাঁর হাজারটি পা রয়েছে**

She who has a thousand feet

২৮৫. **আব্রহ্মকীটজননী → যিনি ব্রহ্মা থেকে শুরু করে ক্ষুদ্র কীট পর্যন্ত সকলের জননী**

She who is the mother of everything from brahma to the lowliest (সবচেয়ে নীচ) insect

২৮৬. **বর্ণাশ্রমবিধায়িনি → যিনি সমাজে বর্ণ ও আশ্রমের নিয়ম প্রবর্তন করেছেন**

She who established the order of the social division in life

বর্ণাশ্রম (Varṇāśrama) = সামাজিক বর্ণ ও আশ্রম / **বিধায়িনি (Vidhāyini)** = প্রবর্তনকারিণী

২৮৭. **নিজাজ্ঞারূপনিগমা → যাঁর আজ্ঞা বা নির্দেশগুলি বেদের রূপ ধারণ করেছে**

She whose commands take the form of the vedas

নিজ (Nija) = নিজের / **আজ্ঞা (Ājñā)** = নির্দেশ / **রূপ (Rūpa)** = আকার / **নিগমা (Nigamā)** = বেদ

২৮৮. **পুণ্যাপুণ্যফলপ্রদা → যিনি পুণ্য এবং পাপ উভয় কাজের ফল প্রদান করেন**

She who dispenses (বিতরণ করে) the fruits of both good and evil actions

২৮৯. **শ্রুতিসীমন্তসিন্দূরীকৃতপাদাব্জধূলিকা → যাঁর চরণকমলের ধূলিকণা বেদের (শ্রুতি রূপী নারীর) সিঁথির সিন্দূরে পরিণত হয়েছে**

She who is the one the dust from whose feet forms the vermillion (সিঁদুর) marks at the parting line (বিভাজন রেখা) of the hair of the shruti devatas (vedas personified as goddesses)

শ্রুতি (Śruti) = বেদ / **সীমন্ত (Sīmanta)** = সিঁথি / **সিন্দূরী (Sindūrī)** = সিঁদুর / **কৃত (Kṛta)** = পরিণত / **পাদাব্জ (Pādābja)** = চরণপদ্ম / **ধূলিকা (Dhūlikā)** = ধূলিকণা

২৯০. **সকলাগমসন্দোহশুক্তিসম্পুটমৌক্তিকা → যিনি সমস্ত তন্ত্র বা আগম শাস্ত্র রূপী ঝিনুকের ..... (খোলসের) ভেতরে সুরক্ষিত পরম মূল্যবান 'মুক্তো'**

She who is the pearl (মুক্তা) enclosed in the shell made of all the scriptures

সকল (Sakala) = সমস্ত / **আগম (Āgama)** = শাস্ত্র / **সন্দোহ (Sandoha)** = সমাহার / **শুক্তি (Śukti)** = ঝিনুক / **সম্পুট (Samputa)** = আবদ্ধ / **মৌক্তিকা (Mauktikā)** = মুক্তা

২৯১. **পুরুষার্থপ্রদা → যিনি মানবজীবনের চারটি উদ্দেশ্য (ধর্ম, অর্থ, কাম, মোক্ষ) প্রদান করেন**

She who grants the (four-fold) objects of human life

২৯২. **পূর্ণা → যিনি সর্বদা পূর্ণ বা অখণ্ড**

She who is always whole, without growth or decay (ক্ষয়)

২৯৩. **ভোগিনী → যিনি ভোক্তা বা উপভোগকারিণী**

She who is the enjoyer

২৯৪. **ভুবনেশ্বরী → যিনি মহাবিশ্বের অধিশ্বরী**

She who is the ruler of the universe

২৯৫. **অম্বিকা → যিনি সমগ্র জগতের মাতা**

She who is the mother of the universe

২৯৬. **অনাদিনিধনা → যাঁর কোনো শুরু (আদি) বা শেষ (নিধন) নেই**

She who has neither beginning nor end

অনাদি (Anādi) = শুরু বিহীন / **নিধনা (Nidhanā)** = শেষ বা মৃত্যু বিহীন

২৯৭. **হরিব্রহ্মেন্দ্রসেবিতা → যিনি ব্রহ্মা, বিষ্ণু এবং ইন্দ্র দ্বারা সেবিতা হন**

She who is attended by brahma, vishnu and indra

২৯৮. **নারায়ণী → যিনি নারায়ণের নারীসত্তা**

She who is the female counterpart of narayana

২৯৯. **নাদরূপা → যিনি শব্দের আদি রূপ**

She who is in the form of sound

৩০০. **নামরূপবিবর্জিতা → যাঁর নির্দিষ্ট কোনো নাম বা রূপ নেই**

She who has no name or form

Edited & compiled by: **Prasanjit Roy**

৩০১. হ্রীঙ্কারী → **যিনি 'হ্রীং' বীজের স্বরূপ**

She who is the form of syllable 'hrim'

৩০২. **হ্রীমতী → যিনি পরম লজ্জায় শোভিতা এবং সমৃদ্ধা (বা যাঁর মধ্যে দিব্য বীজমন্ত্র 'হ্রীং'-এর পূর্ণ শক্তি বিদ্যমান)।**

She who is endowed (সমৃদ্ধ) with modesty (লজ্জা)

হ্রী (Hrī) = বিনয় বা শালীনতা / **মতী (Matī)** = অধিকারিণী

সনাতন সংস্কৃতিতে 'লজ্জা' বা 'বিনয়' (Modesty) নারীদের অন্যতম শ্রেষ্ঠ ভূষণ ও শক্তি হিসেবে গণ্য করা হয়। দেবী এখানে সমস্ত ব্রহ্মাণ্ডের লজ্জা ও বিনয়ের আধার।

৩০৩. **হৃদ্যা → যিনি হৃদয়ে অবস্থান করেন**

She who abides in the heart

৩০৪. **হেয়োপাদেয়বর্জিতা → যাঁর কাছে বর্জনীয় বা গ্রহণীয় বলে কিছু নেই**

She who has nothing to reject or accept

হেয় (Heya) = বর্জনীয় বা ত্যাজ্য / **উপাদেয় (Upādeya)** = গ্রহণীয় / **বর্জিতা (Varjitā)** = মুক্ত বা ঊর্ধ্বে

৩০৫. **রাজরাজার্চিতা → যাঁকে রাজাদের রাজারা আরাধনা করেন**

She who is worshipped by the King of kings

৩০৬. **রাজ্ঞী → যিনি রাজাধিরাজ শিবের রানী**

She who is the queen of shiva, the Lord of all kings

৩০৭. **রম্যা → যিনি অপরূপ সুন্দরী ও আনন্দদায়িনী**

She who gives delight; She who is lovely

৩০৮. **রাজীবলোচনা → যাঁর চোখ পদ্মের মতো সুন্দর**

She whose eyes are like rajiva (lotus)

রাজীব (Rājīva) = পদ্ম / লোচনা (Locanā) = চোখ

৩০৯. **রঞ্জনী → যিনি মনকে আনন্দে ভরিয়ে দেন**

She who delights the mind

রঞ্জনী (Rañjanī) = আনন্দদায়িনী

৩১০. **রমণী → যিনি আনন্দ প্রদান করেন**

She who gives joy

রমণী (Ramaṇī) = আনন্দদায়িনী নারী

৩১১. **রস্যা → যিনি পরম রস, আনন্দ বা ব্রহ্মাস্বাদের মূর্ত প্রকাশ।**

She who is to be enjoyed; She who enjoys

৩১২. **রণৎকিঙ্কিণিমেখলা → যাঁর কোমরবন্ধে থাকা ছোট ছোট কোমরবন্ধ অনবরত মধুর ধ্বনিতে ..... করে বেজে চলেছে**

She who wears a girdle (কোমরবন্ধ) of tinkling (ঝনঝন শব্দ) bells

রণৎ (Raṇat) = শব্দকারী / **কিঙ্কিণি (Kiṅkiṇi)** = ছোট ঘণ্টা / **মেখলা (Mekhalā)** = কোমরবন্ধনী

৩১৩. **রমা → যিনি লক্ষ্মী**

She who has become lakshmi

৩১৪. **রাকেন্দুবদনা → যাঁর মুখমণ্ডল শরৎকালের পূর্ণিমার চাঁদের মতো পরম সুন্দর, উজ্জ্বল এবং শীতল**

She who has a delightful face like the full moon

রাকা (Rākā) = পূর্ণিমা / **ইন্দু (Indu)** = চাঁদ / **বদনা (Vadanā)** = মুখমণ্ডল

৩১৫. **রতিরূপা → যিনি কামদেবের পত্নী রতির রূপ ধারণ করেছেন**

She who is in the form of rati, the wife of kama

৩১৬. **রতিপ্রিয়া → যিনি রতির প্রতি স্নেহশীলা বা যাঁকে রতি সেবা করেন**

She who is fond (অনুরাগী) of rati; She who is served by rati

রতি (Rati) = রতি / **প্রিয়া (Priyā)** = অনুরাগী বা সেবিতা

 গভীর অর্থে, 'রতি' শব্দের অর্থ হলো তীব্র অনুরাগ, আসক্তি বা পরম ভক্তি।

৩১৭. **রক্ষাকরী → যিনি জগতের রক্ষাকারিণী**

She who is the protector

৩১৮. **রাক্ষসঘ্নী → যিনি রাক্ষস কুলকে সম্পূর্ণ বিনাশ করেন**

She who is the slayer of the entire race of demons

রাক্ষস (Rākṣasa) = দানব বা রাক্ষস / **ঘ্নী (Ghnī)** = বিনাশকারিণী

৩১৯. **রামা → যিনি আনন্দ প্রদান করেন বা পরম সুন্দরী নারী**

She who gives delight

৩২০. **রমণলম্পটা → যিনি তাঁর হৃদয়ের স্বামী শিবের প্রতি গভীরভাবে অনুরক্ত**

She who is devoted to the Lord of Her heart, Lord shiva

রমণ (Ramaṇa) = স্বামী (শিব) / **লম্পটা (Lampaṭā)** = গভীরভাবে অনুরক্ত বা নিবেদিত

৩২১. **কাম্যা → যিনি পরম প্রার্থনীয় বা আকাঙ্ক্ষিত**

She who is to be desired

৩২২. **কামকলারূপা → যিনি পরম গুহ্য তান্ত্রিক তত্ত্ব 'কামকলা'-র মূর্ত স্বরূপিণী (বা কামেশ্বর ও কামেশ্বরীর নিত্য প্রেমময় সৃজনশীল রূপ)।**

She who is in the form of kamakala

৩২৩. **কদম্বকুসুমপ্রিয়া → যিনি কদম ফুল বিশেষ পছন্দ করেন**

She who is especially fond (অনুরাগী) of kadamba flowers

৩২৪. **কল্যাণী → যিনি সর্বদা মঙ্গল বা কল্যাণ প্রদান করেন**

She who bestows auspiciousness

৩২৫. **জগতীকন্দা → যিনি সমগ্র বিশ্বের মূল বা শিকড়**

She who is the root of the whole world

জগতী (Jagatī) = জগৎ বা বিশ্ব / **কন্দা (Kandā)** = মূল বা শিকড়

৩২৬. **করুণারসসাগরা → যিনি করুণা বা দয়ার সাগর**

She who is the ocean of compassion

৩২৭. **কলাবতী → যিনি সমস্ত কলার (শিল্পের) মূর্ত রূপ**

She who is the embodiment of all arts

কলা (Kalā) = চারুকলা বা শিল্প / বতী (Vatī) = অধিকারিণী

৩২৮. **কলালাপা → যাঁর কথাবার্তা সুমধুর ও কাব্যিক**

She who speaks musically and sweetly

কলা (Kalā) = শিল্প বা মাধুর্য / **আলাপা (Ālāpā)** = কথা বলা

৩২৯. **কান্তা → যিনি অপরূপ সুন্দরী**

She who is beautiful

কান্তা (Kāntā) = কমনীয় বা সুন্দরী নারী

৩৩০. **কাদম্বরীপ্রিয়া → যিনি কাদম্বরী (মধু বা সুধা) পছন্দ করেন**

She who is fond of mead (মধু-মদ)

কাদম্বরী (Kādambarī) = মধু বা সুরা / **প্রিয়া (Priyā)** = অনুরাগী

৩৩১. **বরদা → যিনি অকাতরে আশীর্বাদ বা বর প্রদান করেন**

She who grants boons generously (উদারভাবে)

৩৩২. **বামনয়না → যাঁর চোখ অত্যন্ত সুন্দর**

She who has beautiful eyes

বাম (Vāma) = সুন্দর / নয়না (Nayanā) = চোখ

৩৩৩. **বারুণী মদবিব্হলা → যিনি বারুণী নামক দিব্য অমৃতসুধা পান করে পরমানন্দে বিভোর ও আত্মহারা হয়ে আছেন।**

She who is intoxicated (মত্ত) by varuni (ambrosial (অমৃততুল্য) drink)

বারুণী (Vāruṇī): অমৃত বা এক ধরনের দিব্য পানীয় (Divine Nectar / Amrita)। **মদ (Mada):** আনন্দের অনুভূতি বা মাতোয়ারা ভাব (Joy / Intoxication)। **বিহ্বলা (Vihvalā):** হারিয়ে যাওয়া, বিভোর হওয়া বা আত্মহারা হওয়া (Overwhelmed / Absorbed)।

কুণ্ডলিনী শক্তি যখন সহস্রার চক্রে (মস্তকের শীর্ষদেশে) পৌঁছায়, তখন সেখান থেকে এক ধরনের দিব্য অমৃত নিঃসৃত হয়। সাধক বা যোগীগণ এই অমৃতসুধাকেই 'বারুণী' বলেন।

সেই পরম সুধা পানের পর জাগতিক চেতনা হারিয়ে সম্পূর্ণভাবে দেবীরূপী পরব্রহ্মে লীন বা আত্মহারা হয়ে যাওয়া।

৩৩৪. **বিশ্বাধিকা → যিনি সমগ্র মহাবিশ্বকে অতিক্রম করে বিরাজমান**

She who transcends (অতিক্রম করে) the universe

বিশ্ব (Viśva) = মহাবিশ্ব / **অধিকা (Adhikā)** = ঊর্ধ্বে বা অতিরিক্ত

৩৩৫. **বেদবেদ্যা → যাঁকে বেদের মাধ্যমে জানা যায়**

She who is known through the vedas

বেদ (Veda) = বেদ শাস্ত্র / **বেদ্যা (Vedyā)** = জানা যায় এমন (জ্ঞাতব্য)

৩৩৬. **বিন্ধ্যাচলনিবাসিনী → যিনি বিন্ধ্য পর্বতে বসবাস করেন**

She who resides in the vindhya mountains

৩৩৭. **বিধাত্রী → যিনি এই মহাবিশ্ব সৃষ্টি ও পালন করেন**

She who creates and sustains this unverse

বিধাত্রী (Vidhātrī) = সৃষ্টিকারিণী ও পালনকারিণী

Edited & compiled by: **Prasanjit Roy**

৩৩৮. **বেদজননী → যিনি বেদের উৎপত্তিস্থল বা মাতা**

She who is the mother of the vedas

৩৩৯. **বিষ্ণুমায়া → যিনি ভগবান বিষ্ণুর মায়া বা মোহনী শক্তি**

She who is the illusory power of vishnu

৩৪০. **বিলাসিনী → যিনি আনন্দ ও লীলা বিলাসে মগ্ন**

She who is playful

৩৪১. **ক্ষেত্রস্বরূপা → যাঁর শরীর বা রূপই হলো এই জড় জগৎ (ক্ষেত্র)**

She whose body is matter

ক্ষেত্র (Kṣetra) = জড় জগৎ বা শরীর / **স্বরূপা (Svarūpā)** = স্বরূপ

৩৪২. **ক্ষেত্রেশী → যিনি ক্ষেত্রেশের (শিবের) পত্নী**

she who is the wife of kshetresha (shiva)

ক্ষেত্রেশ (Kṣetreśa) = শিব / **ঈশী (Īśī)** = পত্নী বা ঈশ্বরী

৩৪৩. **ক্ষেত্রক্ষেত্রজ্ঞপালিনী → যিনি ক্ষেত্র (জড় বা শরীর) এবং ক্ষেত্রজ্ঞ (আত্মা) উভয়কেই পালন করেন**

She who is the protector of matter and the knower of matter, therefore the protector of body and soul

৩৪৪. **ক্ষয়বৃদ্ধিবিনির্মুক্তা → যিনি ক্ষয় (পতন) এবং বৃদ্ধি (উত্থান) থেকে সম্পূর্ণ মুক্ত**

She who is free from growth and decay

৩৪৫. **ক্ষেত্রপালসমর্চিতা → যাঁকে ক্ষেত্রপাল (শিশু রূপী শিব বা ভৈরব) আরাধনা করেন**

she who is worshipped by kshetrapala (shiva in infant form)

ক্ষেত্রপাল (Kṣetrapāla) = ভৈরব বা শিব / **সমর্চিতা (Samarcitā)** = আরাধিতা বা পূজিতা

৩৪৬. **বিজয়া → যিনি সর্বদাই বিজয়ী**

She who is ever-victorious (বিজয়ী)

৩৪৭. **বিমলা → যাঁর মধ্যে কোনো প্রকার মালিন্য বা ত্রুটি নেই**

She who is without a trace of impurity

বিমলা (Vimalā) = মালিন্যহীনা বা পবিত্রা

৩৪৮. **বন্দ্যা → যিনি সকলের পূজনীয়া বা আরাধ্যা**

She who is adorable, worthy of worship

৩৪৯. **বন্দারুজনবৎসলা → যিনি তাঁর ভক্তদের প্রতি মাতৃস্নেহে পরিপূর্ণ**

She who is full of motherlly love for those who worship Her

বন্দারুজন (Vandārujana) = উপাসক বা ভক্তগণ / **বৎসলা (Vatsalā)** = স্নেহশীলা মাতা

৩৫০. **বাগ্বাদিনী → যিনি স্বয়ং বাক্য বা বাকশক্তি**

She who speaks

৩৫১. **বামকেশী → যাঁর চুল অত্যন্ত সুন্দর**

She who has beautiful hair

বাম (Vāma) = সুন্দর / **কেশী (Keśī)** = চুলযুক্তা

৩৫২. **বহ্নিমণ্ডলবাসিনী → যিনি অগ্নির পরিমণ্ডলে বসবাস করেন**

She who resides in the disc of fire

বহ্নি (Vahni) = আগুন বা অগ্নি / **মণ্ডল (Maṇḍala)** = পরিমণ্ডল বা ডিস্ক / **বাসিনী (Vāsinī)** = বসবাসকারিণী

৩৫৩. **ভক্তিমৎকল্পলতিকা → যিনি তাঁর ভক্তদের কাছে কল্পতরুর লতার মতো (ইচ্ছাপূরণকারী)**

She who is the kalpa (wish-granting) creeper (লতানো উদ্ভিদ) to Her devotees

ভক্তিমৎ (Bhaktimat) = ভক্তদের কাছে / **কল্পলতিকা (Kalpalatikā)** = ইচ্ছাপূরণকারী কল্পলতা

৩৫৪. পশুপাশবিমোচিনী → যিনি অজ্ঞানতা বা জাগতিক বন্ধন থেকে জীবকে মুক্ত করেন

She who releases the ignorant from bondage (বন্ধন)

৩৫৫. সংহৃতাশেষপাষণ্ডা → যিনি সমস্ত পাষণ্ড বা ধর্মদ্রোহীদের বিনাশ করেন

She who destroys all heretics (ধর্মদ্রোহী)

সংহৃতা (Saṃhṛtā) = ধ্বংসকারিণী / **অশেষ (Aśeṣa)** = সমস্ত / **পাষণ্ডা (Pāṣaṇḍā)** = ধর্মদ্রোহী বা পাষণ্ড

৩৫৬. সদাচারপ্রবর্তিকা → যিনি সৎ আচরণের প্রবর্তন ও অনুপ্রেরণা দেন

She who is immersed (নিমগ্ন) in (and inspires others to follow) right conduct

সদাচার (Sadācāra) = সৎ আচরণ বা নিয়ম / **প্রবর্তিকা (Pravartikā)** = প্রবর্তনকারিণী

৩৫৭. তাপত্রয়াগ্নিসন্তপ্তসমাহ্লাদনচন্দ্রিকা → জাগতিক তিন প্রকার দুঃখে (তৃষিত) দগ্ধ মানুষদের কাছে যিনি আনন্দদায়ক জ্যোৎস্নার মতো

She who is the moonlight that gives joy to those burned by the triple fire of misery (দুর্দশা / যন্ত্রণা)

তাপত্রয়াগ্নি (Tāpatrayāgni) = তিন প্রকার জাগতিক দুঃখের আগুন (আধ্যাত্মিক, আধিভৌতিক, আধিদৈবিক) / **সন্তপ্ত (Santapta)** = দগ্ধ বা পীড়িত / **সমাহ্লাদন (Samāhlādana)** = আনন্দদায়ক / **চন্দ্রিকা (Candrikā)** = জ্যোৎস্না

৩৫৮. **তরুণী → যিনি চিরযৌবনা**

She who is ever young

৩৫৯. **তাপসারাধ্যা → যাঁকে তপস্বী বা মুনিরা আরাধনা করেন**

She who is worshipped by ascetics (পবিত্র সাধকগণ)

তাপস (Tāpasa) = তপস্বী / **আরাধ্যা (Ārādhyā)** = পূজিতা

৩৬০. **তনুমধ্যা → যাঁর কোমর অত্যন্ত ক্ষীণ বা সরু**

She who is slender (সরু) waisted

তনু (Tanu) = ক্ষীণ বা সরু / **মধ্যা (Madhyā)** = কোমর বা মধ্যদেশ

৩৬১. **তমোঽপহা → যিনি তমোগুণ বা অজ্ঞানতার অন্ধকার দূর করেন**

She who removes the ignorance born of tamas

তমঃ (Tamaḥ) = অন্ধকার বা তমোগুণ / **অপহা (Apahā)** = দূরকারিণী

৩৬২. **চিৎ (চিতিঃ) → যিনি বিশুদ্ধ জ্ঞান বা চেতনারূপিণী**

She who is in the form of pure intelligence

৩৬৩. **তৎপদলক্ষ্যার্থা → যিনি পরম সত্য বা 'তৎ' শব্দের মূল অর্থ**

She who is the embodiment of truth (which is indicated by the word 'tat')

তৎ (Tat) = সেই পরম সত্য / **পদ (Pada)** = শব্দ / **লক্ষ্যার্থা (Lakṣyārthā)** = মূল অর্থ বা লক্ষ্য

৩৬৪. **চিদেকরসরূপিণী → যিনি বিশুদ্ধ চেতনার সার এবং জ্ঞানের আদি কারণ**

She who is of the nature of the pure intelligence. She who is the cause of knowledge.

চিৎ (Cit) = চেতনা / **এক (Eka)** = একমাত্র / **রস (Rasa)** = সার / **রূপিণী (Rūpiṇī)** = স্বরূপা

৩৬৫. **স্বাত্মানন্দলবীভূতব্রহ্মাদ্যানন্দসন্ততিঃ → যাঁর নিজের আনন্দের কাছে ব্রহ্মা প্রমুখ দেবতাদের আনন্দ তুচ্ছ মনে হয়**

যাঁর নিজস্ব পরম আনন্দের একটি ক্ষুদ্র কণিকামাত্র ব্রহ্মা, বিষ্ণু ও শিবের মতো দেবতাদের আনন্দধারায় পরিণত হয়েছে।

She who makes the bliss of brahma and others insignificant compared to Her own bliss

স্বাত্মানন্দ (Svātmānanda) = নিজ আত্মার আনন্দ / **লবীভূত (Lavībhūta)** = ক্ষুদ্র বা তুচ্ছ অংশে পরিণত (ক্ষুদ্র কণিকায় বা অংশে পরিণত হওয়া) / **ব্রহ্মাদ্যানন্দ (Brahmādyānanda)** = ব্রহ্মা প্রমুখের আনন্দ / **সন্ততিঃ (Santatiḥ)** = ধারাবাহিকতা বা ধারা (প্রবাহ)

৩৬৬. **পরা → যিনি সর্বোচ্চ এবং সবকিছুর ঊর্ধ্বে**

She who is the supreme; She who transcends all

৩৬৭. **প্রত্যক্‌চিতীরূপা → যিনি অন্তরের অব্যক্ত চেতনা বা পরম ব্রহ্মস্বরূপিণী**

যিনি প্রতিটি জীবের অন্তরে 'অন্তরাত্মা' ও 'অভ্যন্তরীণ শুদ্ধ চেতনা' রূপে বিরাজমান।

She who is of the nature of unmanifested consciousness or of unmanifested brahman

প্রত্যক্ (Pratyak) = অভ্যন্তরীণ বা অব্যক্ত / **চিতী (Citī)** = চেতনা / **রূপা (Rūpā)** = স্বরূপ [**প্রত্যক্ (Pratyak)** অন্তর্মুখী / ভেতরের দিকে মুখ করা / অন্তরাত্মা]

৩৬৮. **পশ্যন্তী → যিনি স্বাধিষ্ঠান চক্রে 'পশ্যন্তী' নামক দ্বিতীয় স্তরের ধ্বনিরূপিণী**

she who is pashyanti, the second level of sound after para in the svadhishtana chakra

পশ্যন্তী (Paśyantī) = পশ্যন্তী ধ্বনি

পরা (Parā): মূলাধারে সুপ্ত নিঃশব্দ আদি শক্তি (#৩৬৬)।

১. **পরা (Parā):** এটি হলো '**বীজ**'। ধরুন, আপনার মনের খুব গভীরে হঠাৎ কোনো একটি ইচ্ছা বা ভাবনার উদয় হলো, যার কোনো ভাষা বা আকার নেই। এটি মূলাধার চক্রে সুপ্ত, স্থির এবং সম্পূর্ণ নিঃশব্দ এক শক্তি।

২. **পশ্যন্তী (Paśyantī):** এটি হলো '**অঙ্কুর**'। মূলাধার থেকে সেই ইচ্ছা যখন একটু ওপরে উঠে নাভি বা মণিপুর চক্রে আসে, তখন সেই ভাবনার একটি আবছা 'ছবি' বা অনুভূতি আপনার মনের চোখে ভেসে ওঠে। এটি কেবল আপনি নিজেই দেখতে বা বুঝতে পারেন। (#৩৬৮)

৩. **মধ্যমা (Madhyamā):** এটি হলো '**কুঁড়ি**'। এরপর সেই ইচ্ছাটি যখন হৃদয় বা বিশুদ্ধ চক্রে আসে, তখন আপনি মনে মনে কথাটিকে ভাষায় সাজান। অর্থাৎ, আপনি কী বলবেন তা ঠিক করে ফেলেছেন, কিন্তু ঠোঁট দিয়ে এখনো উচ্চারণ করেননি (ভেতরের নীরব কথা)। (#৩৭০)

৪. **বৈখরী (Vaikharī):** এটি হলো প্রস্ফুটিত '**ফুল**'। অবশেষে সেই সাজানো বাক্যটি যখন আপনার কণ্ঠ, তালু ও ঠোঁট হয়ে শব্দ বা ধ্বনি হিসেবে বাইরে বেরিয়ে আসে এবং অন্যের কানে পৌঁছায়, তখন তাকে 'বৈখরী' বলে। (#৩৭১)

সাধারণ মানুষ কেবল 'বৈখরী' (মুখের কথা) শুনতে পায়। কিন্তু একজন সাধক মন্ত্র জপ করার সময় উল্টোপথে যাত্রা করেন। তিনি প্রথমে মুখে মন্ত্র জপ করেন (বৈখরী), তারপর মনে মনে জপ করেন (মধ্যমা), তারপর মন্ত্রের গভীর ভাব অনুভব করেন (পশ্যন্তী) এবং সবশেষে মূলাধারে পরম স্তব্ধতা বা দেবীর মূল সত্তায় (পরা) লীন হয়ে যান।

৩৬৯. পরদেবতা → যিনি সর্বোচ্চ দেবী বা পরাশক্তি

she who is the supreme deity; parashakti

৩৭০. মধ্যমা → যিনি ধ্বনির 'মধ্যমা' স্তরে অবস্থান করেন

She who stays in the middle

৩৭১. বৈখরীরূপা → যিনি ধ্বনির পরিব্যক্ত বা শোনার যোগ্য 'বৈখরী' রূপ ধারণ করেন

she who is in the form of vaikhari (sound in the manifested, audible form)

বৈখরী (Vaikharī) = উচ্চারিত বা শ্রুতিগোচর ধ্বনি / **রূপা (Rūpā)** = স্বরূপ

Edited & compiled by: **Prasanjit Roy**

৩৭২. **ভক্তমানসহংসিকা → যিনি ভক্তদের মনের সরোবরে বিচরণকারী হংসী**

She who is the swan in the minds of Her devotees

ভক্তমানস (Bhaktamānasa) = ভক্তদের মন রূপ সরোবর / **হংসিকা (Haṃsikā)** = হংসী বা রাজহাঁস

৩৭৩. **কামেশ্বরপ্রাণনাডী → যিনি তাঁর পতি কামেশ্বরের স্বয়ং প্রাণস্বরূপ**

she who is the very life of kameshvara, her consort

কামেশ্বর (Kāmeśvara) = কামেশ্বর শিব / **প্রাণনাডী (Prāṇanāḍī)** = প্রাণশক্তি বা প্রাণের নাড়ী

৩৭৪. **কৃতজ্ঞা → যিনি আমাদের সমস্ত কর্ম সম্পর্কে অবগত আছেন**

She who knows all of our actions as they occur

কৃতজ্ঞা (Kṛtajñā) = যিনি কৃত কর্ম জানেন বা কৃতজ্ঞ

৩৭৫. **কামপূজিতা → যাঁকে স্বয়ং কামদেব আরাধনা করেন**

she who is worshipped by kama

৩৭৬. **শৃঙ্গাররসসম্পূর্ণা → যিনি প্রেম ও শৃঙ্গার রসে পরিপূর্ণ**

She who is filled with the essence of Love

শৃঙ্গাররস (Śṛṅgārarasa) = প্রেম বা শৃঙ্গার রস / **সম্পূর্ণা (Sampūrṇā)** = পরিপূর্ণা

৩৭৭. **জয়া → যিনি সর্বদা এবং সর্বত্র বিজয়ী**

She who is victorious always and everywhere

৩৭৮. **জালন্ধরস্থিতা → যিনি গলায় অবস্থিত জালন্ধর পীঠে অবস্থান করেন**

she who resides in the jalandhara pitha (in the throat region)

Edited & compiled by: **Prasanjit Roy**

জালন্ধর (Jālandhara) = গলার নিকটে একটি চক্র বা পীঠ / **স্থিতা (Sthitā)** = অবস্থিতা

- তান্ত্রিক শ্রীবিদ্যা সাধনায় চারটি প্রধান মহাশক্তিপীঠ রয়েছে: **কামরূপ, জালন্ধর, পূর্ণগিরি ও ওড্যাণ**।
- এর মধ্যে জালন্ধর পীঠ (বর্তমান পাঞ্জাবের প্রাচীন শক্তিপীঠ) সতীর বক্ষস্থল/জিহ্বা পতনের এক অতি জাগ্রত স্থান, যেখানে দেবী স্বয়ং চৈতন্যময়ী রূপে বিরাজ করেন।
- মানবদেহে আমাদের **কণ্ঠদেশকে (বিশুদ্ধ চক্রের সন্নিহিত অঞ্চল)** জালন্ধর কেন্দ্র বলা হয়।
- যোগসাধনায় সাধক যখন **'জালন্ধর বন্ধ'** করেন, তখন সহস্রার থেকে ক্ষরিত অমৃতরস নিচে নাভিতে থাকা অগ্নিকুণ্ডে পড়ে নষ্ট হওয়া থেকে রক্ষা পায়। দেবী সাধকের দেহে সেই দিব্য শক্তি হিসেবে স্থির থাকেন।

৩৭৯. **ওড্যাণপীঠনিলয়া → যাঁর বাসস্থান আজ্ঞাচক্রে অবস্থিত ওড্যাণ পীঠে**

she whose abode is the center known as odyana (in the Aj~na chakra)

ওড্যাণপীঠ (Oḍyāṇapīṭha) = আজ্ঞাচক্রের পীঠস্থান / **নিলয়া (Nilayā)** = আবাসস্থল

কামরূপ = মূলাধার চক্র **জালন্ধর** = বিশুদ্ধ চক্র / কণ্ঠ **পূর্ণগিরি** = অনাহত চক্র / হৃদয় **ওড্যাণ (উড্ডীয়ান)** = আজ্ঞাচক্র

তান্ত্রিক ঐতিহ্যের অন্যতম আদি ও প্রধান মহাশক্তিপীঠ হলো 'ওড্যাণ' বা 'উড্ডীয়ান' (ঐতিহাসিক উৎকল/উড়িষ্যা বা প্রাচীন গান্ধার অঞ্চলের সাথে সম্পৃক্ত স্থান)।

৩৮০. **বিন্দুমণ্ডলবাসিনী → যিনি শ্রীচক্রের কেন্দ্রে বিন্দুমণ্ডলে বসবাস করেন**

she who resides in the bindumandala (in shri chakra)

৩৮১. **রহোয়াগক্রমারাধ্যা → যাঁকে গোপন যজ্ঞ বা আচারের মাধ্যমে আরাধনা করা হয়**

She who is worshipped in secret through sacrificial rites

রহঃ (Rahaḥ) = গোপন / **যাগক্রম (Yāgakrama)** = যজ্ঞের পদ্ধতি / **আরাধ্যা (Ārādhyā)** = পূজিতা

যাঁকে একান্ত নির্জনে ও অত্যন্ত গোপন অন্তর্যজ্ঞ বা অভ্যন্তরীণ ধ্যানমার্গের মাধ্যমে বিধিপূর্বক আরাধনা করতে হয়।

'রহঃ' শব্দের অর্থ একান্ত নির্জনতা।

৩৮২. **রহস্তর্পণতর্পিতা → যিনি গোপন আরাধনা বা তর্পণে সন্তুষ্ট হন**

She who is to be gratified by the secret rites of worship

রহঃ (Rahaḥ) = গোপন / **তর্পণ (Tarpaṇa)** = অর্ঘ্য বা উপাসনা / **তর্পিতা (Tarpitā)** = সন্তুষ্টা

৩৮৩. **সদ্যঃপ্রসাদিনী → যিনি অত্যন্ত দ্রুত কৃপা বা আশীর্বাদ প্রদান করেন**

She who bestows Her grace immediately

সদ্যঃ (Sadyaḥ) = তাৎক্ষণিক বা দ্রুত / **প্রসাদিনী (Prasādinī)** = কৃপা প্রদানকারিণী

৩৮৪. **বিশ্বসাক্ষিণী → যিনি সমগ্র মহাবিশ্বের সাক্ষী**

She who is witness to the whole universe

৩৮৫. **সাক্ষিবর্জিতা → যাঁর নিজের কোনো সাক্ষী নেই (যিনি স্বয়ং সম্পূর্ণ)**

She who has no other witness

৩৮৬. **ষডঙ্গদেবতাযুক্তা → যিনি ষড়ঙ্গ (হৃদয়, মাথা, শিখা, চোখ, বর্ম এবং অস্ত্র) দেবতাদের দ্বারা পরিবেষ্টিত**

she who is accompanied by the deities of the six angas (heart, head, hair, eyes, armor and weapons)

৩৮৭. **ষাড়্গুণ্যপরিপূরিতা → যিনি ছয়টি উৎকৃষ্ট গুণ (ঐশ্বর্য, বীর্য, বৈরাগ্য, কীর্তি, সম্পদ ও জ্ঞান) দ্বারা পরিপূর্ণ**

She who is fully endowed with the six good qualities (prosperity, valor, dispassion, fame, wealth and wisdom)

ষাড়্গুণ্য (Ṣāḍguṇya) = ছয়টি উৎকৃষ্ট গুণ / **পরিপূরিতা (Paripūritā)** = পরিপূর্ণা

৩৮৮. **নিত্যক্লিন্না → যিনি সর্বদা করুণায় সিক্ত বা দয়াময়ী**

She who is ever compassionate (দয়াশীল)

নিত্য (Nitya) = সর্বদা / **ক্লিন্না (Klinnā)** = আর্দ্র বা করুণায় সিক্ত

৩৮৯. **নিরুপমা → যাঁর কোনো তুলনা বা উপমা নেই**

She who is incomparable

নির্ (Nir) = ব্যতীত / **উপমা (Upamā)** = তুলনা

৩৯০. **নির্বাণ সুখদায়িনী → যিনি মোক্ষ বা মুক্তির চূড়ান্ত আনন্দ প্রদান করেন**

She who confers the bliss of Liberation

৩৯১. **নিত্যা-ষোডশিকারূপা → যিনি ষোলজন নিত্য দেবীর রূপ ধারণ করেছেন**

She who is in the form of the sixteen deities

৩৯২. **শ্রীকণ্ঠার্ধশরীরিণী → যিনি শ্রীকণ্ঠের (শিবের) অর্ধেক শরীর জুড়ে আছেন (অর্ধনারীশ্বর রূপ)**

she who possesses half of the body of shrikantha (shiva). she who is in the form of ardhanarishvara

শ্রীকণ্ঠ (Śrīkaṇṭha) = শিব / **অর্ধ (Ardha)** = অর্ধেক / **শরীরিণী (Śarīriṇī)** = শরীর ধারণকারিণী

৩৯৩. **প্রভাবতী → যিনি দীপ্তিময়ী বা আলোকোজ্জ্বলা**

She who is effulgent (দীপ্তিমান)

৩৯৪. প্রভারূপা → **যিনি স্বয়ং দীপ্তি বা আলোর স্বরূপ**

She who is effulgence

৩৯৫. **প্রসিদ্ধা → যিনি সর্বজন-বিদিতা বা প্রখ্যাতা**

She who is celebrated

৩৯৬. **পরমেশ্বরী → যিনি মহাবিশ্বের সর্বোচ্চ অধিশ্বরী**

She who is the supreme sovereign

৩৯৭. **মূলপ্রকৃতিঃ → যিনি সমগ্র জগতের আদি কারণ বা মূল প্রকৃতি**

She who is the first cause of the entire universe

৩৯৮. **অব্যক্তা → যিনি ইন্দ্রিয়ের অগোচর বা অব্যক্ত**

She who is unmanifested

৩৯৯. **ব্যক্তাব্যক্তস্বরূপীণি → যিনি দৃশ্যমান এবং অদৃশ্য উভয় রূপেই বিরাজমান**

She who is in the manifested and unmanifested forms

ব্যক্ত (Vyakta) = প্রকাশিত / **অব্যক্ত (Avyakta)** = অপ্রকাশিত / **স্বরূপীণি (Svarūpiṇi)** = স্বরূপা

৪০০. **ব্যাপিনী → যিনি সর্বত্র ব্যাপ্ত বা বিরাজমান**

She who is all-pervading

৪০১. **বিবিধাকারা → যাঁর অসংখ্য রূপ বা আকৃতি রয়েছে**

She who has a multitude of forms

বিবিধ (Vividha) = অসংখ্য বা বিভিন্ন / **আকারা (Ākārā)** = রূপের অধিকারিণী

৪০২. **বিদ্যাঽবিদ্যাস্বরূপিণী → যিনি জ্ঞান এবং অজ্ঞান উভয় রূপেই বিরাজমান**

She who is the form of both knowledge and ignorance

৪০৩. **মহাকামেশনয়নকুমুদাহ্লাদকৌমুদী → যিনি মহাকামেশ্বরের নয়নরূপী কুমুদ (শাপলা) ফুলকে আনন্দদানকারী জ্যোৎস্নাস্বরূপ**

She who is the moonlight that gladdens (আনন্দিত করে) the water-lilies (শাপলা) that are mahakamesha's eyes

মহাকামেশ (Mahākāmeśa) = মহাকামেশ্বর / **নয়ন (Nayana)** = চোখ / **কুমুদ (Kumuda)** = শালুক বা শাপলা / **আহ্লাদ (Āhlāda)** = আনন্দদানকারী / **কৌমুদী (Kaumudī)** = জ্যোৎস্না

৪০৪. **ভক্তহার্দতমোভেদভানুমদ্ভানুসন্ততিঃ → যাঁর সূর্যরশ্মিতুল্য জ্যোতি ভক্তদের হৃদয়ের অন্ধকার দূর করে**

She who is the sunbeam (সূর্যরশ্মি) which dispels (দূর করে) the darkness from the heart of Her devotees

ভক্ত (Bhakta) = ভক্ত / **হার্দ (Hārda)** = হৃদয়ে স্থিত / অন্তরের ভেতরের **তমোভেদ (Tamobheda)** = অন্ধকার দূরকারী **ভানুমদ্ভানুসন্ততিঃ (Bhānumadbhānusantatiḥ)** = সূর্যকিরণের নিরবচ্ছিন্ন ধারা [**ভানুমৎ (Bhānumat)** - তেজস্বী সূর্য **ভানু-সন্ততিঃ (Bhānu-santatiḥ)** - সূর্যের তীব্র আলোক রশ্মির অবিরাম ধারা]

৪০৫. **শিবদূতী → শিব যাঁর দূত বা যিনি শিবের দূত হিসেবে কাজ করেন**

She for whom shiva is the messenger; She who is shiva's messenger

৪০৬. **শিবারাধ্যা → যাঁকে স্বয়ং শিব আরাধনা করেন**

She who is worshipped by shiva

শিব (Śiva) = শিব / **আরাধ্যা (Ārādhyā)** = আরাধিতা

৪০৭. **শিবমূর্তিঃ → যাঁর মূর্তি বা রূপ স্বয়ং শিবের সমান**

She whose form is shiva Himself

৪০৮. **শিবঙ্করী → যিনি কল্যাণ ও সমৃদ্ধি প্রদান করেন এবং ভক্তদের শিবত্বে উন্নীত করেন**

She who confers (প্রদান করে) prosperity (auspiciousness, happiness). She who turns Her devotees into shiva

শিব (Śiva) = কল্যাণ / **ঙ্করী (Ṅkarī)** = প্রদানকারিণী

৪০৯. **শিবপ্রিয়া → যিনি শিবের পরম প্রেমিকা বা প্রিয়তমা**

She who is beloved of shiva

৪১০. **শিবপরা → যিনি একমাত্র শিবের প্রতিই নিবেদিত**

She who is solely devoted to shiva

৪১১. **শিষ্টেষ্টা → ধার্মিক ব্যক্তিরা যাঁকে ভালোবাসেন বা যিনি ধার্মিকদের ইষ্টদেবী**

She who is loved by the righteous; She who is the chosen deity of devotees; She who loves righteous people

শিষ্ট (Śiṣṭa) = ধার্মিক বা সজ্জন / **ইষ্টা (Iṣṭā)** = প্রিয়া বা আরাধ্যা

৪১২. **শিষ্টপূজিতা → যাঁকে ধার্মিক ব্যক্তিরা সর্বদা আরাধনা করেন**

She who is always worshipped by the righteous

৪১৩. **অপ্রমেয়া → যাঁর পরিমাপ ইন্দ্রিয়ের দ্বারা করা সম্ভব নয়**

She who is immeasurable by the senses

অপ্রমেয়া (Aprameyā) = পরিমাপের অতীত

৪১৪. **স্বপ্রকাশা → যিনি নিজস্ব আলোতে স্বতঃস্ফূর্তভাবে আলোকিত**

She who is self-luminous (উজ্জ্বল)

৪১৫. **মনোবাচামগোচরা → যিনি মন এবং বাক্যের সীমানার বাইরে**

She who is beyond the range of mind and speech

মনঃ (Manaḥ) = মন / **বাচাম্ (Vācām)** = বাক্য / **অগোচরা (Agocarā)** = সীমানার বাইরে বা অধরা

৪১৬. **চিচ্ছক্তিঃ → যিনি চেতনার পরম শক্তি**

She who is the power of consciousness

চিৎ (Cit) = চেতনা / **শক্তিঃ (Śaktiḥ)** = ক্ষমতা বা শক্তি

৪১৭. **চেতনারূপা → যিনি স্বয়ং বিশুদ্ধ চেতনা বা বোধ**

She who is pure consciousness

৪১৮. **জড়শক্তিঃ → যিনি মায়াশক্তি রূপে জগতের সৃষ্টি করেন**

she who is the maya that has transformed itself as the power of creation

Edited & compiled by: **Prasanjit Roy**

জড (Jaḍa) = জড় বস্তু বা জগৎ / **শক্তিঃ (Śaktiḥ)** = সৃষ্টিকারী মায়া শক্তি

৪১৯. **জড়াত্মিকা → যিনি এই জড় বা চেতনাহীন বিশ্বের রূপ ধারণ করেছেন**

She who is in the form of the inanimate (প্রাণহীন) world

৪২০. **গায়ত্রী → যিনি গায়ত্রী মন্ত্রের রূপ**

she who is the gayatri mantra

৪২১. **ব্যাহৃতিঃ → যিনি বাক্যের উচ্চারণ শক্তি এবং যিনি বাকশক্তির অধিষ্ঠাত্রী**

She who is in the nature of utterance (উচ্চারণ); She who presides over the power of speech

ব্যাহৃতিঃ (Vyāhṛtiḥ) = উচ্চারণ বা শব্দশক্তি

৪২২. **সন্ধ্যা → যিনি গোধূলি বা সন্ধ্যার স্বরূপ**

She who is in the form of twilight (গোধূলি)

৪২৩. **দ্বিজবৃন্দনিষেবিতা → যাঁকে ব্রাহ্মণ বা দ্বিজগণ আরাধনা করেন**

She who is worshipped by the twice-born

দ্বিজ (Dvija) = ব্রাহ্মণ বা দ্বিজ / **বৃন্দ (Vṛnda)** = গোষ্ঠী বা দল / **নিষেবিতা (Niṣevitā)** = আরাধিতা

৪২৪. **তত্ত্বাসনা → যিনি তত্ত্বের উপর উপবিষ্টা বা যিনি তত্ত্বে বিরাজ করেন**

She who has tattvas as Her seat; She who abides in tattva

তত্ত্ব (Tattva) = মহাজাগতিক তত্ত্ব / **আসনা (Āsanā)** = আসন বা উপবিষ্টা

৪২৫. **তৎ → যিনি 'তৎ' (সেই) শব্দের দ্বারা পরম ব্রহ্মকে নির্দেশ করেন**

She who is meant by 'That', the supreme truth, brahman

৪২৬. **ত্বং → যিনি 'ত্বং' (তুমি) শব্দের দ্বারা নির্দেশিত হন**

She who is referred to, by 'Thou'

ত্বং (Tvaṃ) = তুমি (জীবাত্মা)

৪২৭. **অয়ী → হে মাতা!** (স্নেহপূর্ণ সম্বোধন)

Oh, Mother!

(**The split in names of 425-427 may not be proper.)**

তত্ত্বময়ী (Tattvamayī) → তত্ত্ব + ময়ী: সৃষ্টিজগতের যাবতীয় জড় ও চৈতন্যের মূল সারাৎসার দেবী স্বয়ং।

৪২৮. **পঞ্চকোশান্তরস্থিতা → যিনি মানবদেহের পাঁচটি কোশ বা আবরণের ভেতরে অবস্থান করেন**

She who resides within the five sheaths (কোষ)

পঞ্চকোশ (Pañcakośa) = পাঁচটি আবরণ (অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময়, আনন্দময়) / **অন্তরস্থিতা (Antarasthitā)** = ভেতরে অবস্থিতা

পঞ্চকোষের সংক্ষিপ্ত পরিচয়

অন্নময় কোশ: এটি অন্ন বা খাদ্য দ্বারা পুষ্ট আমাদের স্থূল শারীরিক শরীর।

প্রাণময় কোশ: এটি প্রাণশক্তি, **শ্বাস-প্রশ্বাস** এবং কর্মেন্দ্রিয় চালনা করে।

মনোময় কোশ: এটি **মন**, আবেগ, **ইচ্ছা** এবং সংকল্পের স্তর।

বিজ্ঞানময় কোশ: এটি **বুদ্ধি, জ্ঞান এবং বিচারশক্তি** নিয়ন্ত্রণ করে।

আনন্দময় কোশ: এটি **সুষুপ্তির (গাঢ় ঘুম) সময় বা আত্মিক শান্তির সূক্ষ্মতম স্তর**।

৪২৯. **নিঃসীমমহিমা → যাঁর মহিমার কোনো সীমা নেই**

She whose glory is limitless

নিঃসীম (Niḥsīma) = সীমাহীন / **মহিমা (Mahimā)** = গৌরব বা মহিমা

৪৩০. **নিত্যযৌবনা → যিনি চিরযৌবনা**

She who is ever youthful

নিত্য (Nitya) = চিরকাল / **যৌবনা (Yauvanā)** = যৌবনবতী

৪৩১. **মদশালিনী → যিনি নিজের ভেতরের পরম আনন্দে সবসময় ঝলমল করছেন ও সুন্দর দেখাচ্ছেন।**

She who is shining in a state of inebriation (মত্ততা) or intoxication (মত্ততা)

মদ (Mada) = আনন্দ বা নেশা / **শালিনী (Śālinī)** = প্রদীপ্তা

৪৩২. **মদঘূর্ণিতরক্তাক্ষী → পরমানন্দের গভীর আবেশে যাঁর চোখদুটি ঈষৎ রক্তবর্ণ ধারণ করেছে এবং প্রেমে ও আনন্দে সামান্য ঢুলুঢুলু (চঞ্চল হয়ে ওঠে) করছে**

She whose eyes are reddened (লাল হয়ে যাওয়া), rolling with rapture (পরম আনন্দ) and inward-looking

মদ (Mada) = আনন্দ বা উল্লাস / **ঘূর্ণিত (Ghūrṇita)** = ঘূর্ণায়মান / **রক্ত (Rakta)** = লাল / **অক্ষী (Akṣī)** = চোখ

৪৩৩. **মদপাটলগণ্ডভূঃ → পরমানন্দের গভীর আবেশে যাঁর গাল গোলাপি বা লালচে আকার ধারণ করেছে**

She whose cheeks are rosy (গোলাপি) with rapture

মদ (Mada) = আনন্দ / **পাটল (Pāṭala)** = হালকা লাল বা গোলাপি / **গণ্ডভূঃ (Gaṇḍabhūḥ)** = গাল বা গণ্ডদেশ

ক্রম	নাম	মূল অঙ্গ/ভাব	অন্তরের অর্থ (Inner Meaning)
৪৩১	**মদশালিনী**	সমগ্র সত্তা	স্বকীয় ব্রহ্মানন্দের জ্যোতিতে নিত্য শোভিতা
৪৩২	**মদঘূর্ণিতরক্তাক্ষী**	নয়নযুগল	আনন্দের আবেশে রক্তিম ও প্রেমপূর্ণ চঞ্চল দৃষ্টি

৪৩৩	**মদপাটলগণ্ডভূঃ**	গণ্ডদেশ (গাল)	অন্তরের আনন্দের ঔজ্জ্বল্যে স্নিগ্ধ গোলাপি আভা

৪৩৪. **চন্দনদ্রবদিগ্ধাঙ্গী → যাঁর সমস্ত শরীরে তরল চন্দন লেপা রয়েছে**

She whose body is smeared (লেপা) with sandalwood paste

চন্দন (Candana) = চন্দন কাঠ / **দ্রব (Drava)** = তরল / **দিগ্ধ (Digdha)** = লেপা বা আচ্ছাদিত / **অঙ্গী (Aṅgī)** = শরীর

৪৩৫. **চাম্পেয়কুসুমপ্রিয়া → যিনি চাঁপা ফুল বিশেষ পছন্দ করেন**

She who is especially fond of champaka flowers

চাম্পেয় (Cāmpeya) = চাঁপা ফুল / **কুসুম (Kusuma)** = ফুল / **প্রিয়া (Priyā)** = অনুরাগী

৪৩৬. **কুশলা → যিনি সমস্ত কাজে অত্যন্ত নিপুণা বা দক্ষ**

She who is skillful

কুশলা (Kuśalā) = নিপুণা বা দক্ষা

৪৩৭. **কোমলাকারা → যাঁর রূপ বা আকৃতি অত্যন্ত সুকোমল ও লাবণ্যময়**

She who is graceful (স্বাভাবিক মাধুর্যে পূর্ণ) in form

কোমল (Komala) = সুকোমল / **আকারা (Ākārā)** = রূপ বা আকৃতি

৪৩৮. **কুরুকুল্লা → যিনি কুরুকুল্লা শক্তি (কুরুবিন্দ পাথরে বসবাসকারিনী)**

she who is the shakti, kurukulla (residing in kuruvinda ruby)

কুরুকুল্লা (Kurukullā) = দেবী কুরুকুল্লা বা শক্তি বিশেষ

শ্রীবিদ্যা বা তন্ত্রশাস্ত্রে **কুরুকুল্লা** হলেন দেবী ললিতার অন্যতম প্রধান এক সহকারী শক্তি (দেবী)।

৪৩৯. **কুলেশ্বরী → যিনি 'কুল' এর অধিশ্বরী**

She who is the ruler of kula

৪৪০. **কুলকুণ্ডালয়া → যাঁর বাসস্থান মূলাধার চক্রের কুলকুণ্ড নামক বিন্দুতে**

she who abides in the kulakunda (the bindu at the center of muladhara chakra)

কুলকুণ্ড (Kulakuṇḍa) = মূলাধারের কেন্দ্রবিন্দু / **আলয়া (Ālayā)** = আবাসস্থল

৪৪১. **কৌলমার্গতৎপরসেবিতা → যাঁকে কৌলমার্গের (কৌল প্রথা) সাধকেরা ভক্তিভরে আরাধনা করেন**

She who is worshipped by those devoted to the kaula tradition

কৌলমার্গ (Kaulamārga) = কৌল প্রথা বা সাধনার পথ / **তৎপর (Tatpara)** = নিবেদিত সাধক / নিষ্ঠাবান / **সেবিতা (Sevitā)** = পূজিতা

৪৪২. **কুমারগণনাথাম্বা → যিনি কুমার (কার্তিক) এবং গণনাথের (গণেশ) মা**

she who is the mother of kumara (subrahmanya) and gananatha(ganapathi)

কুমার (Kumāra) = কার্তিকেয় / **গণনাথ (Gaṇanātha)** = গণেশ / **অম্বা (Ambā)** = মা

৪৪৩. **তুষ্টিঃ → যিনি স্বয়ং পরম সন্তুষ্টি বা তৃপ্তি**

She who is ever content (সন্তুষ্ট)

৪৪৪. **পুষ্টিঃ → যিনি পুষ্টি বা পুষ্টিপ্রদানকারী শক্তি**

She who is the power of nourishment

৪৪৫. **মতিঃ → যিনি বুদ্ধি বা প্রজ্ঞাস্বরূপে প্রকাশিত হন**

She who manifests as intelligence

৪৪৬. **ধৃতিঃ → যিনি ধৈর্য বা স্থিরতার প্রতীক**

She who is fortitude (দৃঢ় মনোবল)

ধৃতিঃ (Dhṛtiḥ) = ধৈর্য বা সহনশীলতা

৪৪৭. **শান্তিঃ → যিনি স্বয়ং পরম শান্তি বা প্রশান্তি**

She who is tranquility (শান্তিপূর্ণ অবস্থা) itself

৪৪৮. **স্বস্তিমতী → যিনি পরম মঙ্গলময়ী বা চরম সত্যস্বরূপিণী**

She who is the ultimate truth

স্বস্তি (Svasti) = মঙ্গল বা কল্যাণ / **মতী (Matī)** = অধিকারিণী বা স্বরূপিণী

৪৪৯. **কান্তিঃ → যিনি দীপ্তি বা দ্যুতিস্বরূপিণী**

She who is effulgence (দীপ্তি)

৪৫০. **নন্দিনী → যিনি আনন্দদায়িনী বা আহ্লাদিকা**

She who gives delight

নন্দিনী (Nandinī) = আনন্দদায়িনী

৪৫১. **বিঘ্ননাশিনী → যিনি সকল বাধা বা বিঘ্ন ধ্বংস করেন**

She who destroys all obstaces

৪৫২. **তেজোবতী → যিনি পরম তেজ বা দীপ্তির অধিকারিণী**

She who is effulgent

তেজঃ (Tejaḥ) = দীপ্তি বা তেজ / **বতী (Vatī)** = অধিকারিণী

৪৫৩. **ত্রিনয়না → যাঁর সূর্য, চন্দ্র এবং অগ্নিরূপী তিনটি চোখ রয়েছে**

She who has the sun, moon and fire as Her three eyes

৪৫৪. **লোলাক্ষী - কামরূপিণী → যাঁর চোখ চঞ্চল এবং প্রেমময় (অথবা যিনি কামরূপিণী)**

She who has rolling eyes. She who is in the form of love in women

লোল (Lola) = চঞ্চল বা ঘূর্ণায়মান / **অক্ষী (Akṣī)** = চোখ

৪৫৫. **মালিনী → যিনি গলায় মালা পরিধান করেন**

She who is wearing garlands (মালা)

মালিনী (Mālinī) = মালা পরিহিতা বা মাল্যধারিণী

৪৫৬. হংসিনী → যিনি আধ্যাত্মিক সাধক বা 'হংস'-দের থেকে অভিন্ন

She who is not separate from hamsas (the yogins who have reached great spiritual heights)

হংসিনী (Haṃsinī) = হংস বা উন্নত সাধকদের স্বরূপিণী

৪৫৭. **মাতা → যিনি সমগ্র মহাবিশ্বের জননী**

She who is the mother of the universe

৪৫৮. **মলয়াচলবাসিনী → যিনি মলয় পর্বতে বসবাস করেন**

She who resides in the malaya mountain

মলয়াচল (Malayācala) = মলয় পর্বত / **বাসিনী (Vāsinī)** = বসবাসকারিণী

৪৫৯. **সুমুখী → যাঁর মুখমণ্ডল অত্যন্ত সুন্দর ও প্রীতিময়**

She who has a beautiful face

৪৬০. **নলিনী → দেবী ললিতা হলেন একটি সুন্দর, ফোটা পদ্মফুলের মতো।**

She whose body is soft and beautiful like lotus petals

নলিনী (Nalinī) = পদ্মের মতো কোমল ও সুগন্ধযুক্তা

৪৬১. **সুভ্রূঃ → যাঁর ভ্রু-যুগল অত্যন্ত সুন্দর**

She who has beautiful eyebrows

সু (Su) = সুন্দর / **ভ্রূঃ (Bhrūḥ)** = ভ্রু বা চোখের ওপরের লোম

৪৬২. **শোভনা → যিনি সর্বদা দীপ্তিময়ী ও সুশোভিতা**

She who is always radiant

৪৬৩. **সুরনায়িকা → যিনি সমস্ত দেবতাদের নেত্রী**

She who is the leader of the gods

সুর (Sura) = দেবতা / **নায়িকা (Nāyikā)** = নেত্রী

৪৬৪. **কালকণ্ঠী → যিনি কালকণ্ঠ শিবের স্ত্রী বা যাঁর কণ্ঠ নীল**

She who is the wife of shiva

৪৬৫. **কান্তিমতী → যিনি দীপ্তিময়ী বা উজ্জ্বল**

She who is radiant

৪৬৬. **ক্ষোভিণী → যিনি মনে আলোড়ন বা চাঞ্চল্যের সৃষ্টি করেন**

She who creates upheaval (উত্তোলন করা) in the mind

ক্ষোভিণী (Kṣobhiṇī) = আলোড়ন সৃষ্টিকারিণী

যিনি মানুষের জড়তা ও অলসতাকে ভেঙে দিয়ে মনের ভেতরে এক তীব্র আলোড়ন, আকর্ষণ বা জাগরণ তৈরি করেন।

৪৬৭. **সূক্ষ্মরূপিণী → যাঁর রূপ এত সূক্ষ্ম যে সাধারণ ইন্দ্রিয় দিয়ে উপলব্ধি করা যায় না**

She who has a form that is too subtle to be perceived by the sense organs

৪৬৮. **বজ্রেশ্বরী → যিনি বজ্রেশ্বরী বা ষষ্ঠ নিত্যা দেবী**

She who is vajreshvari, the sixth daily deity

বজ্রেশ্বরী (Vajreśvarī) = বজ্রের ঈশ্বরী বা বজ্রেশ্বরী দেবী

৪৬৯. **বামদেবী → যিনি বামদেবের (শিবের) স্ত্রী**

she who is the wife of vama deva (shiva)

৪৭০. **বয়োঽবস্থাবিবর্জিতা → যিনি বয়সের বা সময়ের পরিবর্তন থেকে সম্পূর্ণ মুক্ত**

She who is exempt from changes due to age (time)

বয়ঃ (Vayaḥ) = বয়স / **অবস্থা (Avasthā)** = পরিস্থিতি বা পরিবর্তন / **বিবর্জিতা (Vivarjitā)** = মুক্ত বা ঊর্ধ্বে

৪৭১. **সিদ্ধেশ্বরি → আধ্যাত্মিক সিদ্ধিলাভকারী সাধকেরা যাঁর আরাধনা করেন**

She who is the goddess worshipped by spiritual adepts (দক্ষ ব্যক্তিরা)

৪৭২. **সিদ্ধবিদ্যা → যিনি ১৫-অক্ষর বিশিষ্ট সিদ্ধবিদ্যার স্বরূপ**

she who is in the form of siddhavidya, the fifteen-syllabled mantra

৪৭৩. **সিদ্ধমাতা → যিনি সিদ্ধদের (উন্নত যোগী) মাতা**

She who is the mother of siddhas

৪৭৪. **যশস্বিনী → যিনি অতুলনীয় খ্যাতি ও যশের অধিকারিণী**

She who is of unequalled renown (খ্যাতি)

যশস্বিনী (Yaśasvinī) = প্রখ্যাতা বা বিখ্যাত

৪৭৫. **বিশুদ্ধিচক্রনিলয়া → যাঁর আবাসস্থল গলায় অবস্থিত বিশুদ্ধি চক্রে**

She who resides in the vishuddhi chakra

৪৭৬. **আরক্তবর্ণা → যিনি ঈষৎ লাল বা গোলাপি রঙের অধিকারিণী**

She who is of slightly red (rosy) complexion

৪৭৭. **ত্রিলোচনা → যাঁর তিনটি চোখ রয়েছে**

She who has thhree eyes

৪৭৮. **খট্টাঙ্গাদিপ্রহরণা → যিনি খট্টাঙ্গ (গদা) সহ অন্যান্য অস্ত্র ধারণ করেন**

She who is armed with a club (গদা) and other weapons

খট্টাঙ্গ (Khaṭvāṅga) = গদা বিশেষ / **প্রহরণা (Praharaṇā)** = অস্ত্র ধারিণী

৪৭৯. **বদনৈকসমন্বিতা → যাঁর শুধুমাত্র একটি মুখমণ্ডল আছে**

She who possesses only one face

বদন (Vadana) = মুখ / **এক (Eka)** = একটি / **সমন্বিতা (Samanvitā)** = অধিকারিণী

৪৮০. **পায়সান্নপ্রিয়া → যিনি পায়েস বা মিষ্টি চালের খাবারে অত্যন্ত প্রীতা**

She who is especially fond of sweet rice

পায়সান্ন (Pāyasānna) = মিষ্টি ভাত বা পায়েস / **প্রিয়া (Priyā)** = অনুরাগী

৪৮১. **ত্বক্স্থা → যিনি ত্বকের (স্পর্শ ইন্দ্রিয়) নিয়ন্ত্রক দেবী হিসেবে অবস্থান করেন**

She who is the deity of the organ of touch (skin)

ত্বক্ (Tvak) = চামড়া বা ত্বক / **স্থা (Sthā)** = অবস্থানকারিণী

৪৮২. **পশুলোকভয়ঙ্করী → যিনি জাগতিক অস্তিত্বে আবদ্ধ অজ্ঞান জীবদের মনে ভয় সৃষ্টি করেন**

She who fills with fear the mortal beings bound by worldly existence

পশুলোক (Paśuloka) = অজ্ঞান জীব বা নশ্বর জগত / **ভয়ঙ্করী (Bhayankarī)** = ভয় সঞ্চারকারিণী

৪৮৩. **অমৃতাদিমহাশক্তিসংবৃতা → যিনি অমৃতা সহ অন্যান্য মহাশক্তি দ্বারা পরিবেষ্টিতা**

she who is surrounded by amrita and other shakti deities

অমৃতা (Amṛtā) = দেবী অমৃতা / **মহাশক্তি (Mahāśakti)** = শক্তিশালী দেবীগণ / **সংবৃতা (Saṃvṛtā)** = পরিবেষ্টিতা

৪৮৪. **ডাকিনীশ্বরী → যিনি ডাকিনী যোগিনী বা বিশুদ্ধি চক্রের দেবী**

she who is the dakini deity

ডাকিনী (Dākinī) = ডাকিনী দেবী / **ঈশ্বরী (Īśvarī)** = অধিশ্বরী

৪৮৫. **অনাহতাব্জনিলয়া → যিনি হৃদয়ে অবস্থিত অনাহত পদ্মচক্রে বসবাস করেন**

She who resides in the anahata lotus in the heart

অনাহত (Anāhata) = হৃদয়ের চক্র / **অব্জ (Abja)** = পদ্ম / **নিলয়া (Nilayā)** = আবাসস্থল

৪৮৬. **শ্যামাভা → যাঁর গায়ের রং শ্যাম বা কালো**

She who is black in complexion

শ্যাম (Śyāma) = কালো বা গাঢ় রং / **আভা (Ābhā)** = রং বা আভা

৪৮৭. **বদনদ্বয়া → যাঁর দুটি মুখমণ্ডল রয়েছে**

She who has two faces

৪৮৮. **দংষ্ট্রোজ্জ্বলা → যাঁর বড় দাঁত বা দংষ্ট্রা উজ্জ্বলভাবে জ্বলজ্বল করে**

She who has shining tusks (দন্ত)

দংষ্ট্রা (Damṣṭrā) = বড় দাঁত / **উজ্জ্বলা (Ujjvalā)** = দীপ্তিময়ী বা উজ্জ্বল

৪৮৯. **অক্ষমালাদিধরা → যিনি রুদ্রাক্ষের মালা এবং অন্যান্য জিনিস ধারণ করেন**

She who is wearing garlands of rudraksha beads and other things

অক্ষমালা (Akṣamālā) = রুদ্রাক্ষ বা জপের মালা / **ধরা (Dharā)** = ধারণকারিণী

৪৯০. **রুধিরসংস্থিতা → যিনি দেহের রক্তের নিয়ন্ত্রক হিসেবে অবস্থান করেন**

